অপরিষ্কার জল অনেক রোগ আনয়ন করে

৪। Patients do not like medicines—রোগীরা ঔষধ পছন্দ করে না

My children are under the treatment of this physician—আমার সন্তানেরা এই চিকিৎসকের চিকিৎসাধীন

Have the girls caught measles?—বালিকাগণের কি হাম হইয়াছে?

Does the blood move?—রক্ত কি চলে?

What do the glands do?—Glands গুলির কার্য্য কি?

Which foods are digestible?—কোন কোন্ খাদ্য সহজে হজম করা যায়?

What are the effects of exercise?—ব্যায়ামের কি ফল?

Baths make men clean and healthy—স্নান মানুষকে পরিষ্কার ও সুস্থ করে

The muscles help the limbs in movement—
মাংসপেশীগুলি অঙ্গের গতির সাহায্য করে

Who did cure your disease?—কে তোমার রোগ আরোগ্য করিয়াছিল?

৫। শব্দগুলি ব্যবহার করিয়া এক একটী বাক্য রচনা কর—

Treat, felt, help, make, moved, cured, renews, contains, leads, caused, bent, secretes, suffering, caught, essential, digestible, healthy, many, smooth, exercise, saliva, glands, ribs, medicines, drunkenness, blood, muscles, treatment, physicians, digestion, health, gullet, lungs, cholera, gout, patient ; of, to, from, through.

৬। ইংরাজী কর —

তাহাদিগকে কে চিকিৎসা করিতেছেন ?
এই সকল খাদ্য কি সহজে হজম করা যায় ?
মাংসপেশী গুলির কার্য্য কি ?
স্নানের ফল কি কি ?
কাহারা ঔষধ ভালবাসে ?
কোন্ খাদ্য দ্রব্য সর্ব্বাপেক্ষা সহজে হজম করা যায় ?
নাপিত কি তোমার নখগুলি কাটিয়াছে ?
তোমার ওষ্ঠদ্বয় কেন স্ফীত হইয়াছে ?
তাহাদের চোখ হইতে জল পড়িতেছে
মস্তকে কয় খানি অস্থি আছে ?
সারসের গলা অতি লম্বা
কোন্ পক্ষীর সর্ব্বাপেক্ষা লম্বা চঞ্চু আছে ?

কোন্ শিশুটী পাঁচড়ায় ভুগিতেছে ?

পক্ষাঘাতে কি মৃত্যু হয় ?

তোমার জ্বর হইল কেন ?

এই চিকিৎসা যক্ষ্মা আরোগ্য করিবে না

কিসে হাম আরোগ্য করিবে ?

ধাত্রী আসিয়াছে কি ?

কাল রাত্রে ধাত্রী নিদ্রা যায় নাই

এই বালকটী তাহার আঙ্গুলগুলি পুড়াইয়া ফেলিয়াছে

তুমি কেন হাঁটুর উপর বসিয়াছ ?

তাহার নাসারন্ধ্র হইতে বদনিঃশ্বাস বহির্গত হইতেছিল

মানুষ কেমন করিয়া তাহার অঙ্গ প্রত্যঙ্গগুলি নাড়ে ?

রক্তের প্রবাহ কিসে বন্ধ করিয়াছে ?

ঘাড়ে একটা বেদনা পাইয়াছি

এই বৃদ্ধ ব্যক্তিটী অর্শে ভুগিতেছিল

তুমি তাহার কোমর ভাঙ্গিয়া দিয়াছ

কাহার গাল অধিকতর রক্তবর্ণ ?

শরীরের গাঁটগুলি ব্যথা করিতেছিল ?

এই জন্তুটীর কতগুলি দন্ত আছে ?

আমার রক্ত দূষিত হইয়াছে

তাহার জঙ্ঘাগুলি অতি বলিষ্ঠ

শিশুদিগের হাতের তালু অতিশয় কোমল

এই ব্যক্তির আঙ্গুলগুলি সোজা ও সরু

রোগীর জিহ্বা লাল হইয়াছে কেন ?

দদ্রু চর্ম্মকে কদাকার করে

কাহার চুল লম্বা ?

হৃৎপিণ্ড হইতে কেমন করিয়া রক্ত বহির্গত হয়

কণ্ঠনালী কি ব্যথা করিতেছে ?

অপরিষ্কার জল পান করিও না

তৃতীয় পরিচ্ছেদ

ভূমণ্ডল বিষয়ক বাক্যরচনা

১। Have you seen a hill ?—তুমি কি পাহাড় দেখিয়াছ ?

I did not enter the cave—আমি গুহার মধ্যে প্রবেশ করি নাই

The boy is coming down the slope—বালকটী গড়ান জায়গা দিয়া নামিতেছে

Who has bathed in the sea ?—কে সমুদ্রে স্নান করিয়াছে ?

The river comes out of the hill—নদী পর্ব্বত হইতে বহির্গত হয়

This river has many tributaries—এই নদীর অনেকগুলি উপনদী আছে

I shall go to a saltmine—আমি একটী লবণের খনিতে যাইব

This man works in a mine—এই লোক একটী খনিতে কাজ করে

This river has a big delta—এই নদীর একটা প্রকাণ্ড বদ্বীপ আছে

Did you go to the peak ?—তুমি কি পর্ব্বত-শৃঙ্গে গিয়াছিলে ?

This cloud will go beyond the peak of the hill—এই মেঘটী পর্ব্বতশৃঙ্গ অতিক্রম করিয়া যাইবে

The desert has no rivers—মরুভূমির কোন নদী নাই

Is there a strait between the two islands ?—দ্বীপদ্বয়ের মধ্যে কি প্রণালী আছে ?

The deltas are very fertile—বদ্বীপসমূহ অত্যন্ত উর্ব্বরা

This peak does not touch the sky—এই শৃঙ্গ আকাশ স্পর্শ করে না

The wind blows away the sands—বাতাস বালুগুলি উড়াইয়া দেয়

This spring supplies water—এই ঝরণা জল যোগায়

This rivulet does not fall into the sea—এই ক্ষুদ্র নদী সমুদ্রে পড়ে না

The moon is rising—চন্দ্র উদিত হইতেছে

The sun has risen—সূর্য্য উদিত হইয়াছে

The day is brighter than the night—রাত্রি অপেক্ষা দিন উজ্জ্বল

The night is colder than the day—দিবা অপেক্ষা রাত্রি ঠাণ্ডা

The summer is the hottest season—গ্রীষ্ম সর্ব্বাপেক্ষা গরম ঋতু

The spring is a pleasant season—বসন্তকাল আনন্দদায়ক ঋতু

The sun rises in the East—সূর্য্য পূর্ব্বদিকে উদিত হয়

The cold wind blows from the North—ঠাণ্ডা বাতাস উত্তরদিক হইতে প্রবাহিত হয়

The surface of the land is hotter than the surface of the sea—স্থলের উপরিভাগ জলের উপরিভাগ অপেক্ষা গরম

The cloud is floating on the sky—মেঘ আকাশে ভাসিতেছে

২। The fogs are rising from the hills—পাহাড় হইতে কুয়াশা সমূহ উত্থিত হইতেছে

The clouds have covered the sky—মেঘসমূহ আকাশকে আবৃত করিয়াছে

The dews are falling from the trees—বৃক্ষসমূহ হইতে শিশির বিন্দুগুলি পড়িতেছে

The winds have blown away the clouds—বাতাসসমূহ মেঘগুলি উড়াইয়া দিয়াছে

Has the day dawned ?—দিন কি প্রভাত হইয়াছে ?

The day is dawning—দিন প্রভাত হইতেছে

When will the atmosphere be clear ?—নভোমণ্ডল কখন পরিষ্কার হইবে ?

Birds sing in the spring—বসন্তকালে পক্ষী গান করে

Trees do not bear flowers in winter—শীতকালে বৃক্ষ সমূহ পুষ্প প্রসব করে না

In what season do plants flower ?—কোন্ ঋতুতে বৃক্ষসমূহ পুষ্পিত হয় ?

The gentlemen are enjoying the breeze—ভদ্রলোকগণ ধীর বায়ু সেবন করিতেছেন

The fierce winds will kill the birds—ভয়ঙ্কর বাতাস পাখীগুলি মারিয়া ফেলিবে

When has the vapour risen ?—বাষ্প কখন উত্থিত হইয়াছে ?

Do mountains touch the sky ?—পর্ব্বতসমূহ কি আকাশ স্পর্শ করে ?

Has snow covered the peaks ?—তুষার কি শৃঙ্গ-সমূহ আবৃত করিয়াছে ?

Has the tributary fallen into the river ?—উপনদী কি নদীতে পড়িয়াছে ?

Are these the tributaries of that river ?—এই সমুদয় কি সেই নদীর উপনদী ?

Islands have seas all round them—দ্বীপগুলির চতুর্দ্দিকে সমুদ্র আছে

There are gravels in river-beds—নদীর ক্ষেত্র-সমূহে কঙ্কর থাকে

Straits divide land from land -প্রণালীসমূহ স্থল হইতে স্থলকে বিভক্ত করে

The deltas lie at the mouths of rivers —বদ্বীপ-সমূহ নদীর মুখের নিকট থাকে

Are there trees on the banks of rivers ?—নদীর কূলে কি বৃক্ষ আছে ?

Stones are rare in these countries—এই সমুদয় দেশে প্রস্তর বিরল

Travellers have seen the peak—পর্য্যটকেরা শৃঙ্গ দেখিয়াছে

৩। শব্দগুলি ব্যবহার করিয়া বাক্য রচনা কর—

Divide, fall, seen, fallen, risen, rising, covered, kill, enjoying, flower, bear, blown, dawning, bathed, supplies, blows, floating ;

beyond, between, than, in, from, round, of, at,

on, colder, hottest, brighter, pleasant, rare, big, fertile, season, countries, tributaries, delta, fogs, summer, peaks, caves, sands, star, mine, rivulet, springs, surface.

৪। ইংরাজী কর—

এই কাল মেঘটী বৃষ্টি দান করিবে
কোন্ নদীটী তোমাদের জল যোগায় ?
তুমি কি উর্ব্বরা সমতল ভূমিতে বাস কর ?
রাত্রি অপেক্ষা দিবা গরম কেন ?
শীতকাল গ্রীষ্মকাল অপেক্ষা ঠাণ্ডা কেন ?
তারকাগুলি কখন উদিত হয় ?
চন্দ্র কিরণ দান করিতেছে
বর্ষাকালে সূর্য্যকে মেঘ সমূহ আবৃত করে
পর্ব্বতের শৃঙ্গ হইতে তুমি কি এই স্থান দেখিয়াছ ?
ঝড়ে বাড়ীগুলি উড়াইয়া লইয়া যাইবে
আকাশে মেঘ নাই কেন ?
কোন্ সমুদ্রে এই নদীটী পতিত হইতেছে ?
কোন্ স্থান হইতে এই নদী উৎপন্ন হইয়াছে ?
এই হ্রদটী কত বড় ?
কোন্ ঋতু সর্ব্বাপেক্ষা অধিক ঠাণ্ডা ?
এই পর্ব্বতে কি কোন গুহা আছে ?
ঝরণার জল অতি মিষ্ট

কূপের জল পান করিও না

আকাশ হইতে শিলাবৃষ্টিসমূহ পতিত হইতেছিল।

এই দ্বীপে বিবিধ খনি আছে

মরুভূমিতে কাহারা বাস করে ?

তাহারা উত্তরদিকে কি দেখিতেছে ?

পাখীসকল দক্ষিণদিকে উড়িয়া যাইবে

মধ্যাহ্নে সূর্য্য সর্ব্বোর্দ্ধ স্থানে আসে

নদীসমূহ পর্ব্বত হইতে নির্গত হয়

গ্রীষ্মকালে কেহ দিবাভাগে কার্য্য করে না

শীতকালে কি কেহ রাত্রিভাগে কার্য্য করে ?

শিশিরসমূহ বৃক্ষ শাখা হইতে ঝুলিতেছে

ধীর বায়ু কি প্রবাহিত হইতেছে ?

কাহারা উপনদী দেখিবে ?

তুমি কি পর্ব্বত শৃঙ্গ অতিক্রম করিয়া যাইবে ?

মেঘ গুলি কেন ভাসিতেছে ?

তাহারা বদ্বীপ দেখিয়াছে

বালুগুলি লতাসমূহ আবৃত করিয়াছে

চতুর্থ পরিচ্ছেদ

মানবের বিবিধ কার্য্যকলাপ-বিষয়ক বাক্য রচনা

১। The bachelor has at last married this girl—অবশেষে অবিবাহিত এই কন্যাকে বিবাহ করিয়াছে

The monk is reciting psalms—মঠবাসী স্তোত্র পাঠ করিতেছেন

The washerman will not wash my coat—ধোপা আমার জামা ধুইবে না

The author has written this book—গ্রন্থকর্ত্তা এই পুস্তক লিখিয়াছেন

He is the prince—তিনি (হন) যুবরাজ

The shepherd will tend his flock—মেষপালক তাহার মেষপাল পোষণ করিবে

The priest has sacrificed the goat—পুরোহিত ছাগল বলি দিয়াছেন

The prophet will predict my fate—ভবিষ্যদ্বক্তা আমার ভাগ্য বলিবেন

This actor has played very well—এই নট অতি সুন্দর অভিনয় করিয়াছেন

He is a director—তিনি একজন পরিচালক

The hunter has got five tigers—শিকারী পাঁচটী ব্যাঘ্র পাইয়াছে

The votary has worshipped the gods—ভক্ত দেবগণকে পূজা করিয়াছেন

The abbot has not stolen the money—মঠবাসী অর্থ অপহরণ করেন নাই

The policeman has caught the murderer—পুলিসের কর্ম্মচারী হন্তাকে ধরিয়াছে

The bridegroom is speaking—বর কথা বলিতেছেন

The widower will not marry again—মৃতদার আর বিবাহ করিবেন না

The hero has killed the enemy—বীর শত্রুটীকে হনন করিয়াছেন

The goldsmith has made this ornament—স্বর্ণকার এই অলঙ্কার প্রস্তুত করিয়াছে

The missionary has preached this truth—পরিব্রাজক এই সত্য প্রচার করিয়াছেন

The hero is a great man—বীর (হন) একজন মহাপুরুষ

The dramatist is writing a play—নাটককার একটী নাটক লিখিতেছেন

The scientist did not work in this laboratory—বৈজ্ঞানিক এই বিজ্ঞানশালায় কার্য্য করেন নাই

The carpenter has made this chair—সূত্রধর এই চেয়ার প্রস্তুত করিয়াছে

The peasant is ploughing the land—কৃষক ভূমি কর্ষণ করিতেছে

২। The maid is nursing her brother—কুমারী তাহার ভ্রাতাকে শুশ্রূষা করিতেছে

The nun has gone to her abbey—মঠবাসিনী তাঁহার মঠে গিয়াছেন

The washer-woman is washing my coat ধোপানী আমার জামা ধুইতেছে

The hostess has fed her guest—গৃহস্থ পত্নী তাঁহার অতিথিগণকে ভোজন করাইয়াছেন

What was the priestess reading?—পুরোহিত-পত্নী কি পাঠ করিতেছিলেন?

The heiress has lost her share—উত্তরাধিকারিণী তাঁহার অংশ হারাইয়াছেন

The authoress has won fame—গ্রন্থকর্ত্রী কীর্ত্তি লাভ করিয়াছেন

The queen was my patroness—রাণী আমার মুরুব্বি ছিলেন

What has the poetess written?—স্ত্রীকবি কি লিখিয়াছেন?

Did the shepherdess tend her flock ?—মেষপালিকা কি তাহার মেষপাল পোষণ করিয়াছিল ?

The prophetess did not bless me—ভবিষ্যদ্‌বক্ত্রী আমাকে আশীর্ব্বাদ করেন নাই

Is the abbess a pious lady ?—মঠবাসিনী কি একজন ধর্ম্মিষ্ঠা রমণী ?

The huntress is a heroine—শিকারী স্ত্রীটী একজন বীর-রমণী

The votaress will go to her temple—ভক্তা রমণী তাঁহার মন্দিরে গমন করিবেন

Will the widow take a husband ?—বিধবা কি স্বামী গ্রহণ করিবেন ?

The bride is going to her father-in-law's house—কনে তাহার শ্বশুর বাড়ী যাইতেছে

৩। The missionaries have founded a college—পাদ্রীরা একটি কলেজ প্রতিষ্ঠা করিয়াছেন

The heroes will succeed—বীরগণ কৃতকার্য্য হইবেন

The statesmen do not advise this—রাষ্ট্রনীতিজ্ঞেরা ইহা পরামর্শ দেন না

The monks have studied theology—মঠবাসীরা ধর্ম্মশাস্ত্র পাঠ করিয়াছেন

Will these bachelors marry those maids?—এই অবিবাহিত পুরুষেরা কি ঐ কুমারীদিগকে বিবাহ করিবে?

The votaries have built a temple—ভক্তেরা একটী মন্দির প্রতিষ্ঠা করিয়াছেন

Great men are rare—মহাপুরুষেরা বিরল

The Policemen have arrested the thieves—পুলিশের কর্ম্মচারীরা চোরদিগকে ধরিয়াছে

The princes will visit these lands—রাজপুত্রেরা এই দেশসমূহ পরিদর্শন করিবেন

Have the nuns worshipped the saints?—মঠবাসিনীরা কি সাধুগণকে পূজা করিয়াছেন?

Have the huntresses killed the beast?—শিকারিণীরা কি পশু হনন করিয়াছে?

These wives do not love their husbands—এই পত্নীগণ তাহাদের স্বামীদিগকে ভালবাসে না

The poetesses have come here—স্ত্রী কবিগণ এখানে আসিয়াছেন

Have the brides gone to their father-in-laws' houses?—বিবাহিত কন্যারা কি তাহাদের শ্বশুর বাড়ী গিয়াছে?

Are these ladies abbesses—এই রমণীগণ কি মঠবাসিনী?

Those authoresses did not win fame—সেই গ্রন্থ কর্ত্রীরা কীর্ত্তিলাভ করেন নাই

The widows will study theology—বিধবাগণ ধর্ম্ম-শাস্ত্র পাঠ করিবেন

৫। শুদ্ধ কর—

Actress has well play his part.

Who will made those knifes ?

The votaress did not insulted their priests.

The police-mans have catched thiefs.

Have the heros succeed ?

Did poetess wrote these poem ?

This abbeys has no nun.

Who has lose their books ?

Did the shepherdess tend their flocks ?

Has capitalists lend money ?

Who has stole that books ?

Did the missionarys preached this truths ?

Has the widower lost her child ?

The hero will defeating the enemy.

Those peasant has not plough these field.

What has the thiefs take ?

৬। শব্দগুলি ব্যবহার করিয়া বাক্য রচনা কর—

Married, reciting, wash, lend, sacrificed, predict, played, got, worshipped, stolen, caught, speaking, marry, killed, made, preached, writing, ploughing, nursing, gone, fed, won, bless, founded, succeed, studied, built, visit, win, lost, maid, nun, washer-woman, hates, heiress, authoress, queen, poetess, shepherdess, prophetess, abbess, huntress, votaress, widow, bride, heroes, missionaries, votaries, men, wives, ladies, authoresses.

৭। ইংরাজী কর—

সৈন্যটী ঢাল ধরিয়াছে
মিস্ত্রী জানালা তৈয়ারী করে নাই
দেওয়াল গুলি অত্যন্ত প্রশস্ত
কে এই ব্যক্তিকে অর্থ ধার দিবে ?
আমি তাহাকে পাঁচ টাকা পাঠাইব
পুরোহিতটী বেদী নির্ম্মাণ করিতেছেন
ভৃত্য জামা পরিয়াছে
তুমি ছাদের দিকে দেখিতেছ কেন ?
এখানে কয়টী কামান আছে ?

নটীরা রঙ্গালয়ে অভিনয় করিতেছে
এই কবিতাটী কে লিখিয়াছেন ?
বীরেরা যুদ্ধক্ষেত্রে প্রাণ বিসর্জ্জন করেন
সহিসেরা অশ্বগুলিকে আস্তাবলে লইয়া যাইতেছে
মহারাজ্ঞী প্রাসাদে বাস করেন না
কৃষকেরা কি কোদাল চাহিতেছে ?
কোষাগারের কর্ত্তা কে ?
সাধুরা স্বর্গ কামনা করেন
কাহারা মূর্ত্তি পূজা করেন না ?
তোমরা একটা ঘড়ী কিনিবে ?
তাহারা ঔষধালয়ে যাইতেছিল
গোশালায় কয়টী গাভী আছে ?
ঐতিহাসিক কি লিখিয়াছেন ?
ধাত্রীরা রোগীদিগকে শুশ্রূষা করেন
এই কারখানায় দুইশত মজুর কার্য্য করে
এই বিধবাটী কোথায় যাইতেছেন ?
শিল্পীরা কবিগণকে সম্মান করেন
পরিব্রাজকেরা বিদ্যা বিস্তার করেন
বন্দীরা মরিতে চাহে
এই স্বর্ণখণ্ডের মূল্য কত ?
এই ব্যক্তিটী একজন গোঁড়া
কাহারা কুঁড়ে ঘরে বাস করে ?

মক্কেলেরা বিচার প্রার্থনা করে
স্বদেশসেবকেরা সন্ন্যাসীদিগকে মান্য করেন
এই মঠবাসিনীরা বিবাহ করিবেন না
বৈজ্ঞানিকগণ সত্য প্রচার করেন
গোয়ালিণী দুগ্ধ বেচে
চিকিৎসকেরা রোগীদিগকে পরামর্শ দিতেছেন
মহাপুরুষেরা মানুষের জন্য কষ্ট ভোগ করেন
এই ব্যক্তি ধর্ম্মের জন্য প্রাণদাতা
এই মস্‌জিদটী অতি পুরাতন ।

পঞ্চম পরিচ্ছেদ

রাষ্ট্র-বিষয়ক বাক্য রচনা

১। The king did defeat his enemies—রাজা তাঁহার শত্রুগণকে পরাজিত করিয়াছিলেন

Who is the administrator here ?—এখানে শাসন-কর্ত্তা কে ?

The Governor will come to-morrow—শাসন কর্ত্তা কল্য আসিবেন

He was the ruler of this province—তিনি এই প্রদেশের শাসনকর্ত্তা ছিলেন

Did the Emperor speak to the ambassador ?—সম্রাট্ কি দূতকে বলিয়াছিলেন ?

The prisoner is going to the prison—কয়েদী কারাগারে যাইতেছে

Did the king rule his kingdom ?—রাজা কি রাজ্য শাসন করিয়াছিলেন ?

The judge sits in the court—বিচারপতি বিচরালয়ে বসেন

Was the commander ordering his troops ?—সেনাপতি কি সৈন্যগণকে আদেশ করিতেছিলেন ?

Thief is giving evidence—চোর সাক্ষ্য দিতেছে

Did the policeofficer catch the thief ?—পুলিশের কর্ম্মচারী কি চোরকে ধরিয়াছিলেন ?

Where does the gaoler live ?—কারাগাররক্ষক কোথায় বাস করেন ?

Is the clerk copying the letter ?—কেরাণী কি চিঠি নকল করিতেছেন ?

Did the pleader read the sentence ?—উকীল কি রায় পড়িয়াছিলেন ?

The spy will follow you—গুপ্তচর তোমাকে অনুসরণ করিবে

The superintendent is going to the capital—তত্বাবধায়ক রাজধানীতে যাইতেছেন

The tenant did not pay rent—প্রজা কর দেয় নাই

Did he receive the rent ?—তিনি কি কর পাইয়াছিলেন ?

The soldier is entering the fort—সৈন্য দুর্গে প্রবেশ করিতেছে

The heir will receive his share—উত্তরাধিকারী তাহার প্রাপ্য পাইবেন

This duke is a traitor—এই জমিদারটা একজন বিশ্বাসঘাতক

২। The queen is going to her palace—রাণী তাঁহার প্রাসাদে যাইতেছেন

The governess was a bad woman—শাসনকর্ত্রী একজন অসৎ স্ত্রীলোক ছিলেন

The Administratrix rules her estate well—শাসনকর্ত্রী তাঁহার সম্পত্তি সুন্দর ভাবে শাসন করেন

The landlady did not receive her rent—স্ত্রী জমিদারটি তাঁহার কর পান নাই

The Empress is a kind lady—সম্রাজ্ঞী একজন দয়াবতী স্ত্রী

৩। Whom do the spies follow ?—গুপ্তচরেরা কাহাদিগকে অনুসরণ করে ?

The thieves were stealing the Duke's treasure—চোরেরা জমিদারের সম্পত্তি অপহরণ করিতেছিল

Are there any forts in this province ?—এই প্রদেশে কি কোন দুর্গ আছে ?

Did the landlords receive their rent ?—জমিদারগণ কি তাঁহাদের কর পাইয়াছিলেন ?

Whom did the pleader advise ?—উকীলেরা কাহাদিগকে পরামর্শ দিয়াছিলেন ?

The judges are reading the sentence—বিচারকেরা রায় পাঠ করিতেছেন ?

The enemies did defeat us—শত্রুগণ আমাদিগকে পরাজিত করিয়াছিল

What will the heirs receive ?—উত্তরাধিকারীরা কি পাইবেন ?

৪। The queens are advising their ministers—রাণীরা তাঁহাদের মন্ত্রীদিগকে পরামর্শ দিতেছেন

Whom do the Empresses follow ?—সম্রাজ্ঞীরা কাহাকে অনুসরণ করেন ?

Where are the governesses going ?—শাসন-কর্ত্রীরা কোথায় যাইতেছেন ?

The landladies are cruel—স্ত্রীজমিদারগণ নির্দ্দয়

Did the administratixes rule their estates well ?—শাসনকর্ত্রীগণ কি তাঁহাদের সম্পত্তি সুশাসন করিয়াছিলেন ?

The Duchesses are visiting their capitals—স্ত্রী-জমিদারগণ তাঁহাদের রাজধাণীসমূহ পরিদর্শন করিতেছেন

৫। উচ্চারণ ও বানান কর এবং লিখ—

Queen, quarrel, question, quarry, query, quell, quilt, judge, badge, lodge, hedge, ridge, knowledge, empress, governess, duchess, poetess, authoress ;

enemies, babies, landladies, bodies,
spies, tries, cries, purifies, flies,
receive, deceive, perceive, conceive,
thief, belief, siege, fiend, mieh, relief,
heirs, their, administrator, actor, benefactor,
persecutor, conductor.

৬। শব্দগুলি ব্যবহার করিয়া বাক্য রচনা কর—
Receive, cruel, visiting, evidence, giving, follow, empresses, administratrix, rule, pay, thieves, spies, enemies, landlady, duchess, palace, court, copying, troops, kind, treasure, to-morrow, province, capital.

ষষ্ঠ পরিচ্ছেদ

বিবিধ প্রশ্ন

১। উচ্চারণ ও বানান কর এবং লিখ—

S*c*ience, scene, scent, scheme, school, scholar; g*u*ard, guilt, guinea; *k*night, colum*n*, thoug*h*, plough, *g*nat, *p*salms, gramm*ar*, grammarian, h*e*ight, s*ei*ze, s*ie*ge, dec*e*ive, n*ie*ce, leav*i*ng, cur*i*ng, changing, tak*i*ng, careful, go*dd*ess, begi*nn*er, si*tt*ing, omi*tt*ed, trave*ll*er, jewe*ll*er, worshi*pp*ed, joll*i*er, joll*i*ty, merr*i*est, bab*i*es, stud*i*ed, beaut*i*ful, c*ei*ling, *ei*ther, h*ei*fer, profe*ss*or, act*or*, dispens*ar*y, tribut*ar*y, secret*ar*y, vot*ar*y, feminine, medicine, g*h*ost.

২। নিম্নলিখিত শব্দগুচ্ছ গুলি ব্যবহার কর—

In this country, beyond the line, across the field, near the river, under the box, beneath the trees, on the hill, at night, down the hill, at noon, on the road, in the street, about three o'clock, above all, after daybreak, against a

wall, at daybreak, before 5 o'clock, behind the hill, for the country, in the field, on the plain, on the river, out of the house, through the year, under trial.

৩। লিঙ্গ পরিবর্ত্তন কর—

The brother does not love his wife.
The bee is singing to her husband.
The hen is walking before her lord.
My niece does not love her aunt.
Has the hunter killed the bird ?
The washer-woman does not do her work.
The countess has sold her estate
The heir did not kill his ancestor.
The prophets worship the gods.
The shepherdess tends her flock.
Whom does the governess obey ?
Does the bridegroom go to his father-in-law's house ?
The tiger is feeding his cub.
Which father does not love his son ?
Those abbesses love their gods.
Has the actress done her part ?

৪। বচন পরিবর্ত্তন কর—

The wife loves her husband.

Are the ladies playing ?

The monkey does not cackle.

Is the hero a martyr ?

What are potatoes ?

Leaves were falling.

The roofs are airy.

The feet are small.

The geese are cackling.

The mouse is squeaking.

His teeth were aching.

The child did not weep for its mother.

Who has sold the bench ?

৫। I have been suffering from fever *for* the last 3 days—আমি গত তিন দিন হইতে জ্বরে ভুগিতেছি

I have been suffering *since* Monday—আমি সোমবার হইতে ভুগিতেছি

What have you been doing *since* then ?—তখন হইতে কি করিতেছ ?

They have been reading the book— তাহারা পুস্তকটী পড়িতেছে

He has not seen you since that day—সেই দিন হইতে তিনি তোমাকে দেখেন নাই

I have not heard from you for a long time— বহুকাল তোমার খবর পাই নাই

৬। অশুদ্ধ — শুদ্ধ

You have been suffering *from* Monday—You have been suffering *since* Monday

What has he been doing *since* three days?— What has he been doing *for* three days?

We have not seen him *from* a long time?— We have not seen him *for* a long time

I have been working hard *from* a year—I have been working hard *for* a year

He has been reading it *since* a week—He has been reading it *for* a week

৭। শুদ্ধ কর—

Calcutta is Bengal's capital.

Chairs' leg is short.

This is childrens' books.

Cow is licking his calfs.

This fruit is sweeter to mangoes.
My son is superior than your son's.
Have poetess receive her medal ?
The hostess are a kinder man.
Ladie's shirt are finest.
The gooses does not flying.
The mouses kills the ants.
My teeth has been aching.
The dwarves are stand up.
The rooves are not high.
What has the thiefs stole ?
Heros' mothers are heroines.
His son-in-laws are good man.
These countrys are hottest from all.
This ditch is deepest than that.
The creditors have lend him five rupees.
Did the groom selling him the horse ?
Has the teacher fine him ten rupees ?
They did not forborne this.
Where has he lie ?
Was he slain the enemy ?
Who has chide him ?

শিক্ষা বিজ্ঞানের ভূমিকা

সম্বন্ধে

কয়েকটি অভিমত

1. *The Bengalee*, September, *1910*.

A MONUMENTAL WORK.

We have received a copy of "*Shiksha Bijnaner Bhumica*" or Introduction to the Science of Education by Professor Benoy Kumar Sarkar M. A., of the Bengal National College, Calcutta. It contains an appreciative preface by **Babu Hirendranath Datta**, who states that the author has been for the last three or four years engaged in the preparation of a Science of Education, which is to be a *comprehensive* work treating of all the aspects of education, *historical*, *theoretical* and *practical*. This has been written as a foreword to the whole, which is to be complete in twenty parts, of which some have been sent to the press.

There are three great divisions in the subject matter of the work. In the first volume the author proposes to discuss in a **historical** manner the different ideals and methods of education adopted by the different nations of the civilised world in the different ages of history and amidst different circumstances.

The second volume will be a **philosophical** discussion of the theory and science of education, the nature and ideal of education, the means and instruments of education with a view to set forth the best and achievable ideals of education suitable to the requirements of Modern India.

The third volume is to deal in an exhaustive manner with the best **mode of teaching** the different subjects such as Language, History, Psychology, Moral Philosophy, Economics, Politics and Sociology. The author will indicate how real and genuine interest in the **natural Sciences** can be created in the minds of the learners. He will also shew the simple and easy, the best and the most effective mode of teaching Mathematics, Physics, Chemistry, Geology, Botany, Zoology. The mode of teaching useful industries and other valuable suggestions about them will be offered. He will throughout make use of the '**Inductive Method Of Teaching.** From this very brief contents of the book the reader will be able to imagine the comprehensiveness of the work.

We are very glad to recommend this **excellent foreword** and the series to the public for careful perusal and especially to those of our countrymen who are engaged in teaching and controlling education. It is highly desirable that the **New Method of Teaching** inaugurated in his work should find its trial in our Public Schools and Colleges. "The author himself," observes Babu Hirendranath Datta, "has achieved excellent results.

by applying his new methods of teaching among his pupils and he hopes that the cause of education in this country will be greatly accelerated if they are adopted by the public."

We cannot think of more important services to be done in the interest of our nation than promoting the growth and spread of education. Government is also alive to the cause of primary education which has become a question of urgent necessity in this country. It is evident that we are in need of a number of educated men, like the present author, who can devote their lives to lift and leaven the general mass of the community. Slur is often flung at our graduates that they are not fit for any original work. We invite the public to take note of this comprehensive and **original work** on the Science of Education and to see if they can adopt its ideals and methods of education.

The author deserves the most hearty thanks from the public for the long and steady efforts that are being made to the **cause of educational reform.** We understand that this *Introduction to the Science of Education* has already won golden opinions from the leading journals of Bengal, as it should, being an **original and important contribution to the Bengali literature.**

২। প্রবাসী—ভাদ্র ১৩১৭।

শ্রীযুক্ত হীরেন্দ্র নাথ দত্ত মহাশয় ভূমিকায় এই গ্রন্থের পরিচয় দিয়াছেন—শিক্ষাবিজ্ঞান সম্বন্ধে গ্রন্থকার এক প্রকাণ্ড পুস্তক কয়েক খণ্ডে প্রকাশিত করিবেন, তাহাতে শিক্ষাপদ্ধতির ঐতিহাসিক ও বৈজ্ঞানিক প্রণালীর আলোচনা থাকিবে। সমস্ত প্রাচীন ও আধুনিক সভ্য দেশের শিক্ষাপ্রণালীর তুলনা-মূলক আলোচনা করিয়া শ্রেষ্ঠ আদর্শ স্থির করিবার চেষ্টা হইবে। শিক্ষার অন্তর্গত জগতের যাবতীয় বিষয় আলোচিত হইবে। সেই প্রতিপাদ্য বিষয়ের সার মর্ম্ম প্রকাশ করা এই পুস্তকের উদ্দেশ্য। গ্রন্থকার বিদ্বান্ ও শিক্ষা কর্ম্মে ব্যাপৃত। তাঁহার জ্ঞান ও অভিজ্ঞতা প্রকাশিত হইলে দেশের প্রভূত মঙ্গল সাধিত হইবে আশা করা যায়। পুস্তিকার শেষে গ্রন্থকার যাহা লিখিয়াছেন তাহা সকল দেশহিতেচ্ছুর চিন্তা ও অনুকরণের যোগ্য বলিয়া এস্থলে উদ্ধৃত করিয়া দিলাম—"শীঘ্রই বিদ্যাদান এবং শিক্ষা বিস্তারই স্বদেশসেবা ও সমাজহিতের প্রধান অঙ্গ ও লক্ষণ হইয়া দেশের মধ্যে বর্ত্তমান সর্ব্ববিধ আন্দোলনসমূহকে নিয়ন্ত্রিত ও পরিচালিত করিবে। শিক্ষার আন্দোলনই সকল আন্দোলনকে গ্রাস করিয়া ক্রমশঃ গভীরতর ও বিস্তৃততর হইতে থাকিবে। কর্ম্মীগণ প্রকৃত মনুষ্যত্ব বিকাশের সহায়ক জ্ঞান-মন্দির সমূহের প্রতিষ্ঠাকেই জীবনের ধর্ম্ম মনে করিবেন এবং এই কর্ম্মেই সম্পূর্ণ শক্তি ও সময় দান করিয়া জীবনের সার্থকতা উপলব্ধি করিবেন। শিক্ষা-ক্ষেত্রে অবতীর্ণ হইবার জন্য দেশবাসীদের আন্তরিক আকাঙ্ক্ষা জন্মিবে। শিক্ষা প্রচারই সমীপবর্ত্তী ভবিষ্যতের নূতন সন্ন্যাস হইবে। শিক্ষকই নূতন সন্ন্যাসী হইবেন।" এরূপ সন্ন্যাসী দেশে দেখা দিয়াছেন।

৩। বসুমতী—ভাদ্র ১৩১৭।

গ্রন্থকার "শিক্ষাবিজ্ঞান" নামক বিশ খণ্ডে সমাপ্ত যে বিরাট গ্রন্থের রচনায় প্রবৃত্ত হইয়াছেন, এই ভূমিকা তাহারই পরিচয় ও নির্ঘণ্ট স্বরূপ লিখিত হইয়াছে। শিক্ষা-বিজ্ঞান বিষয়ক গ্রন্থ বঙ্গ ভাষায় নাই বলিলে অত্যুক্তি হয় না। গ্রন্থকার মাতৃভাষায় এই অভাব দূর করিবার জন্য তিন চারি বৎসর কঠোর পরিশ্রম স্বীকার করিয়া শিক্ষাবিজ্ঞানের রচনা করিয়াছেন। সেজন্য তিনি সাধারণের ধন্যবাদার্হ। সংস্কৃত, ইংরাজী, উদ্ভিদ্‌বিজ্ঞান প্রভৃতি শিক্ষা বিজ্ঞানের অন্তর্গত চারি পাঁচ খানি পুস্তক ইতি মধ্যেই যন্ত্রস্থ হইয়াছে। এই রাজনীতিক আন্দোলনের দিনে শিক্ষা বিজ্ঞানের অনুশীলনে প্রবৃত্ত হইয়া নবীন গ্রন্থকার শিক্ষার প্রতি অনুরাগ ও একাগ্রতার পরিচয় দিয়াছেন। হীরেন্দ্র বাবুর সহিত আমরাও বলি—সুধী মণ্ডলী এই নূতন গ্রন্থের উপযুক্ত সমাদর করিবেন, এবং শিক্ষাবিষয়ে নিজ নিজ চেষ্টা ও চিন্তার প্রয়োগ করিয়া শিক্ষা সম্বন্ধে প্রকৃত "বিজ্ঞানের" প্রতিষ্ঠা করিবেন।

৪। শ্রীযুক্ত রবীন্দ্র নাথ ঠাকুর।

এ গ্রন্থ বিশেষ অবধানের সহিতই আলোচনার যোগ্য হইয়াছে সন্দেহ নাই। যাঁহারা শিক্ষা ব্যবসায়ী তাঁহারা এই বই যত্ন করিয়া পড়িবেন ও উপকার লাভ করিবেন এইরূপ আশা করি। বিনয় বাবু যে ব্রত গ্রহণ করিয়াছেন তাহা বিপুল বিস্তৃত ও দুঃসাধ্য, ইহা সম্পন্ন করিয়া তিনি দেশের মহৎ উপকার সাধন করুন এই আমি অন্তরের সহিত কামনা করি।

5. The Modern Review—*6th October, 1910.*

The author is engaged in the preparation of a 'Science of Education series" which will be completed in twenty parts. The book under review is an introduction to the whole series. The author deserves our best thanks for the services he is doing to the **cause of Educational Reform** in our country, and we **recommend** this introduction to our teachers for perusal.

৬। হিতবাদী—১৩ই আশ্বিন ১৩১৭ সাল।

এ পুস্তকের আলোচনা পদ্ধতি আমাদের ভাল লাগিয়াছে। অধ্যাপক ও বিদ্যার্থিবর্গের মধ্যে ইহার আদর হইবে।

৭। গৌড়দূত।

শ্রীযুক্ত বিনয় কুমার সরকার এম্ এ মহাশয় এক বিশাল কার্য্যে হস্তক্ষেপ করিয়াছেন। বাঙ্গালা ভাষায় শিক্ষাবিজ্ঞান সম্বন্ধে বিশেষ কোন গ্রন্থ নাই বলিলে চলে। এদেশে জাতীয় ভাবে শিক্ষা প্রচার জন্য বিদ্যালয় ও পরিষৎ স্থাপিত হওয়ায় তাহার আবশ্যকতা দিন দিন অনুভূত হইতেছে। বিনয় বাবু স্বয়ং এই শিক্ষা প্রচারে ব্রতী, সুতরাং তিনি এই বিশাল কার্য্যে ব্রতী হইবার সম্পূর্ণ যোগ্য। সম্প্রতি এই বিরাট গ্রন্থের ভূমিকা মাত্র প্রকাশিত হইয়াছে। এই গ্রন্থের বিশালতা দেখিয়া একা বিনয় বাবুর দ্বারা এই কার্য্য সংসাধিত হওয়া অনেকে অসাধ্য মনে করিতে পারেন ; কিন্তু তিনি ছাত্রাবস্থা হইতে এই কার্য্যের জন্য প্রস্তুত হইয়াছেন, এবং কেবল স্বয়ং প্রস্তুত নহে, অপর সহচর ও সাহায্যকারী ব্যক্তিও প্রস্তুত করিয়াছেন। সুতরাং এই বিশাল গ্রন্থের সম্পূর্ণতা সম্বন্ধে আমাদিগের কোন সন্দেহ নাই।

8. RAI SARAT CHANDRA DAS BAHADUR, C.I.E.

PROFESSOR Benoy Kumar Sarkar's *Shiksha Vijnan Bhumika* is an excellent introduction to the Science of Education. The scheme of his works, as outlined in this book is as follows :

The first volume contains a Historical Survey of the system of e ducaon representing the types of civilisation evolved in the history of the world. The second is to give the Philosophical Theories on education held by the master-minds of the different ages and countries supplemented by the author's own theory deduced from the historical study as well as from the critical survey of the theories. The Art of teaching according to his Theory of Education will be dealt with in the Third volume which will necessarily consist of as many parts as there are branches of learning.

The Book will thus be self-contained—dealing with the history, theory and practice of education in a comprehensive manner on scientific basis.

৯। আর্য্যাবর্ত্ত, কার্ত্তিক, ১৩১৭।

আমাদের সমালোচ্য ক্ষুদ্র গ্রন্থখানি একটি অতি প্রকাণ্ড বিষয়ের পূর্ব্বভাস বা অবতরনিকা। ইহাতে গ্রন্থকার তাঁহার আকাঙ্ক্ষার ও উদ্যমের সহিত বঙ্গীয় পাঠককে পরিচিত করিয়া দিতে চাহিতেছেন। তিনি যে জীবনব্যাপী মহাব্রত গ্রহণ করিয়াছেন, ভূমিকায় তাহারই উদ্বোধন হইয়াছে। এই ভূমিকায় তিনি একখানি বিস্তৃত শিক্ষাবিজ্ঞানের ভিত্তি পত্তন করিয়াছেন। বাঙ্গলা ভাষায় কেন, বোধ হয় পৃথিবীর কোন ভাষায়, শিক্ষাবিজ্ঞানের এমন বিপুল আয়োজন একজনের দ্বারা অনুষ্ঠিত হইয়াছে কি না সন্দেহ। স্পেন্সার তাঁহার ক্রমোন্নতিক দর্শনে, কোমং তাঁহার বিজ্ঞান-শ্রেণীবিভাগে যে একটি ভাব-সমগ্রতা প্রদর্শন করিয়াছেন, তাহাও এ শ্রেণীর সমগ্রত নহে। 'শিক্ষা-বিজ্ঞানের ভূমিকা' প্রণেতা যে সমগ্রতাকে আদর্শ স্বরূপ গ্রহণ করিয়াছেন, তাহা সম্পূর্ণ করিতে হইলে বিশ্বব্যাপী জ্ঞান ও জীবনব্যাপিনী সাধনার প্রয়োজন ;—জীবনব্যাপিনী সাধনায়ও সিদ্ধিলাভ করা যায় কি না সন্দেহ। ভূমিকার ভূমিকালেখক হীরেন্দ্র বাবুও সে আভাস দিয়াছেন। অবশ্য শিক্ষাবিজ্ঞানের গ্রন্থকারের এই বিপুলতার জন্য সঙ্কুচিত হইবার প্রয়োজন নাই। যদি এই বিপুল অনুষ্ঠানের সম্পূর্ণ কৃতকার্য্যতা নবীন উৎসাহদৃপ্ত লেখকের ভাগ্যে নাও ঘটে, তাহা হইলেও যে এ উদ্যম পুরস্কৃত ও সম্মানিত হইবে, সে বিষয়ে সন্দেহ নাই।

* * * * উন্নতিকাম, সভ্যতাদৃপ্ত, জ্ঞানালোকিত বর্ত্তমান যুগের মানবের পক্ষে শিক্ষার ন্যায় প্রয়োজনীয় আর কিছুই নাই। একমাত্র অতীত সভ্যতার গৌরবে অভিমানী মুক্তি-প্রয়ানের পথিক ভারতবাসীর পক্ষে শিক্ষাবিজ্ঞানের লেখক একটি অতি সময়োপযোগী, সমীচীন ও গভীর বিষয়ের অবতারণা করিয়াছেন। * * * *

সমস্ত জড়বিজ্ঞান ও সমস্ত অধ্যাত্ম বিজ্ঞানই মানব-মনের সহিত অতি ঘনিষ্ঠভাবে জড়িত, বর্ত্তমান যুগে মানবের শিক্ষায় এই সমস্ত বিজ্ঞানেরই যথানির্দ্দিষ্ট স্থান আছে, এই কথাটি বিস্মৃত হইলে শিক্ষার সম্পূর্ণতা উপলব্ধি করা কখনও সম্ভবপর হয় না। শিক্ষা-বিজ্ঞান আলোচনা-প্রয়াসী অধ্যাপক মহাশয় বঙ্গসাহিত্যে এই নূতন তত্ত্বের অবতারণা করিয়া, এই পূর্ণ আদর্শটি সাধারণের সমক্ষে ধারণ করিয়া বড় ভাল কায করিয়াছেন। বাঙ্গালা ভাষার পরিধি এখনও সঙ্কীর্ণ, আমাদের দেশের শিক্ষা প্রণালী এখনও অতীতের জড়ত্ব পরিহার করিতে পারে নাই পারিপার্শ্বিক অবস্থাও এখন সর্ব্বতোমুখী শিক্ষার অনুকূল নহে; কিন্তু তাহা হইলেও এ আদর্শটি মহান্, সুন্দর এবং সার্থক, সুতরাং অবশ্যম্ভাবী বিঘ্ন সত্ত্বেও আমরা নবীন লেখকের উদ্যমের সফলতা কামনা করি। * *

বিষয়ের গুরুত্ব-তুলনায় ভূমিকাটি নিতান্ত ক্ষুদ্র, তাহা হইলেও লেখক যেরূপভাবে তাঁহার বক্ষ্যমান বিষয়ের আভাস দিয়াছেন, তাহা-হইতেই তদীয় আরব্ধ ব্যাপারটির ব্যাপকতা হৃদয়ঙ্গম করা যায়। এই বিরাট আয়োজনের সূচনায় আমরা যে আনন্দলাভ করিয়াছি আমাদের একমাত্র আশঙ্কা যে লেখক অন্যপথে গিয়া পাছে আমাদের সেই আনন্দ বিষাদে পরিণত করেন। * * * * তবে গ্রন্থকারের উপর আমাদের নির্ভর ও বিশ্বাস আছে, তাঁহার ক্ষমতারও আমরা পরিচয় পাইয়াছি। আমাদের কামনা, তিনি নিজ ব্রতে সফলতা লাভ করিয়া জাতীয় সাহিত্যের ও জাতীয় শিক্ষার ভাণ্ডার পূর্ণ করুন।

১০। শ্রীযুক্ত সার চন্দ্রমাধব ঘোষ।

শ্রীযুক্ত বিনয়কুমার সরকার শিক্ষা-বিজ্ঞান সম্বন্ধে যে একটী প্রকাণ্ড গ্রন্থ প্রস্তুত করিতে প্রবৃত্ত হইয়াছেন, তাহার ভূমিকা পাঠ করিয়া বিশেষ আনন্দলাভ করিলাম, ও সঙ্গে সঙ্গে চমৎকৃত হইলাম। ঐ গ্রন্থ সম্বন্ধে সুপণ্ডিত শ্রীযুক্ত হীরেন্দ্র বাবু যথার্থই লিখিয়াছেন যে, গ্রন্থের বিপুলতার কথা ভাবিতে গেলে মনে সহজেই সন্দেহ উপস্থিত হইতে পারে যে এই প্রকার বিপুল গ্রন্থ একব্যক্তির দ্বারা সংগৃহীত হইতে পারে কি না। কিন্তু পুস্তকলেখক ভূমিকায় স্বীয় অভিজ্ঞতার, ক্ষমতার, ও অধ্যবসায়ের যে প্রকার পরিচয় দিয়াছেন, তাহাতে বিলক্ষণ আশা করা যাইতে পারে যে তিনি যথাসময়ে তাঁহার সঙ্কল্পিত কার্য্যে কৃতকার্য্য হইবেন। এই গ্রন্থ প্রকাশিত হইলে ভারতবর্ষের শিক্ষার্থিদিগের বিশেষ মঙ্গল সাধিত হইবেক, ও সেই উদ্দেশ্যে, আমার বিবেচনায়, কেবল বাঙ্গালা ভাষায় নয়, ইংরাজি ভাষাতেও পুস্তকখানি প্রকাশিত হইলে ভারতবর্ষের সকল বিভাগের লোকেরা তাহা পাঠ করিতে পারিবেক।

11. P. N. BOSE Esq., B. Sc. (LONDON.) F.G.S., M.R.A.S.

A perusal of your শিক্ষাবিজ্ঞানের ভূমিকা and সাহিত্যসেবী has convinced me that the Bengali Language, in the hands of a master, could be made as good a vehicle for high thoughts and ideas as any language in the World. But, your শিক্ষাবিজ্ঞান is on such an elaborate plan and embraces such a wide variety of subjects which would be interesting and instructive not only to all educated

Indians, but probably also to cultured men of other nationalities, that I almost regret it should be written in a Provincial vernacular. Hope you will have an English Edition of the Work. This is a serious handicap—the want of a national language for India. In former times Sanskrit was the common language for educated India. English is now the common language and I cannot think of any other that can be substituted for it. Hindi would do well for northern India but it would not be understood in the South.

সাহিত্য সংরক্ষণ বিষয়ক প্রস্তাব সম্বন্ধে অভিমত

Professor B. K. Sarkar of the Bengal National College has just brought out the paper, entitled "Sahitya Sebi," read by him at the last Northern Bengal Literary Conference, in pamphlet form. In it, the Professor makes a powerful appeal to the Bengali public to raise funds to **endow Academies** for fostering Bengali literature; spreading education: etc." We have every sympathy with his suggestion, and hope that his appeal will be warmly responded to by our readers.—*Empire, 25th March 1911.*

Can it be said that as a nation-building force, literature as we have is in any sense adequate or that its rate of progress is commensurate with the requirements of the country? The question is asked in a remarkable little pamphlet in Bengali which has just been published by Babu Radheschandra Set, B. L., of Maldah. The author is Babu Binoy Kumar Sarkar, M. A., of the National College, and the pamphlet embodies a lecture which the author delivered at the Literary Conference held at Malda. In the opinion of this writer, and it is an opinion which it is possible to endorse without in any way disparaging our great writers, the literature of the country is still very, very

poor. "Stripped of poetry, fiction and tales, our literature has very little worth the name." If this is not meant to be a reflection, and it obviously is not, upon the splendid works in the domain of fiction and poetry that we have, it is difficult to differ from the conclusion at which the writer has arrived. That there is no book in the most advanced Indian language which can be prescribed as **a text book for the higher classes of our Colleges,** whether in philosophy, in history, in political economy, political philosophy or sociology or in physics, chemistry or mathematics is unfortunately only too true. That practically no attempt of a systematic kind has yet been made to adapt even the most advanced of **our languages** to the high purpose of **being the medium for instruction** in any of these subjects is also true. Of criticism in the true sense of the term, there is practically little in our literature, if we leave aside one or two masterpieces, and yet criticism occupies a place almost on the same level with construction in every one of the modern European literatures. Surely if national life is to be effectively advanced by national literature, it is not a literature like ours, so little equipped for its work, which can undertake the task. No doubt as Babu Binoy Kumar points out, national literature itself, its growth and character, are determined by the conditions and character of national life, its intensity, its breadth, its many-sidedness, its relation to the wider life of humanity. But we are here considering what literature as a more or less conscious nationalising force can do even in the

direction of creating some of these conditions and stimulating some others. From this point of view, there is doubtless room for activity of a very vigorous kind. But are there many signs that this activity will be forthcoming in the immediate future? Whatever the reply to this question may be, there is no doubt that if literary activity of a decisive kind is to mark the coming era, the suggestion thrown out by Babu Benoy Kumar, which is identical with the view we have frequently urged in these columns, must be carried out. We shall give the suggestion in the writer's own words:—"Arrangement should be made for the maintenance of a number of literary men with proper monthly salaries in order that they without anxiety may devote their whole time and energy to the pursuit of literature." In other words, a system of endowments should be inaugurated, whether in connection with the Universities or the academies, and literature should have the same patronage at the hands of our wealthy men that it used to have in Europe in those days when literature had not yet become the source of profit and power that it now is. The question that we have to ask ourselves, and which our literary men should especially ask themselves is, in what precise way and how soon our literature can be made to occupy a position of general equality with the modern European literatures, alike as an instrument of culture in all its many aspects and as an organ of national life which in these days is to no small extent conditioned by national culture. There is undoubtedly an upward trend in the nation, and if we

can set ourselves to the work earnestly, assiduously and with courage, success is bound to come. Babu Benoy Kumar has **not raised this important question a day too soon,** and his own contribution to the proper understanding of the question is by no means inconsiderable. We have great pleasure in commending his pamphlet to the public.—*Bengalee, 31st March, 1911.*

"Protection of Literature."

What Babu Benoy Kumar evidently wants is the setting free, by a system of endowment, of the time and leisure of a number of literary men for the writing and compilation of standardworks in Bengali, **such as might be prescribed as text books for the higher classes of Calcutta University.** The proposal is undoubtedly commendable.

What Babu Benoy Kumar has in view is the making of Bengali literature richer by the **translation** into Bengali of "the best literary treasures of the world," as well as of **the works of those original thinkers and investigators in other lands** whose writings have been a permanent contribution to the wisdom of the human race. A very noble object undoubtedly, and one which the scheme he suggests will certainly help the country in realising.

Let the **artificial stimulus** which Babu Benoy Kumar is anxious to impart to literature be given by all means; we have already supported his proposal in this respect. But let it not for a moment be forgotten, Babu Benoy Kumar himself dees not forget it that the greater the culture of the nation, the vaster and more comprehensive its life, the broader the range of its interests and aptitudes, the surer is the chance of the advent of thinkers and literary men of the first order.—*Bengalee, 23rd April. 1911.*

"India Press," 24, Middle Road, Entally, Calcutta.